# কটিয়াদী পৌরসভা কার্যালয়

## কটিয়াদী, কিশোরগঞ্জ।

তারিখ ঃ- ২৫/০১/২০২৬ খ্রি.

স্মারক নং ঃ- কটি/পৌর/হাট-বাজার/ইজারা -১৪৩৩ বাং/২০২৬-০৫

## হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তি

### (১ম, ২য় ও ৩য় পর্যায়)

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, কটিয়াদী পৌরসভার নিয়ন্ত্রণাধীন কটিয়াদী হাট-বাজার বাংলা ১৪৩৩ সনের জন্য (১ বৈশাখ হইতে ৩০ চৈত্র) পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে শর্তসাপেক্ষে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সীল মোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

| ইজারা প্রদানের বিষয় | সরকারি ইজারা মূল্য | দরপত্র সিডিউল মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|
| কটিয়াদী হাট-বাজার (কাঠ মহাল সহ) | টাকা = ৩৪,৬০,০০০/- ( চৌত্রিশ লক্ষ ষাট হাজার টাকা মাত্র ) | টাকা = ৭,৬০০/= সাত হাজার ছয়শত টাকা মাত্র। |

### দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচী

| বিবরণ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ০৯/০২/২০২৬খ্রিঃ তারিখ বেলা-৪:০০ ঘটিকা পর্যন্ত | ১০/০২/২০২৬খ্রিঃ তারিখ বেলা-১:০০ ঘটিকা পর্যন্ত | ১০/০২/২০২৬খ্রিঃ তারিখ বেলা-২:০০ ঘটিকায় | উল্লিখিত তারিখ অনুযায়ী প্রয়োজন বোধে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকিবে। তবে যে কোন বার দরপত্র অনুমোদিত হইলে পরবর্তীতে দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলিয়া গণ্য হইবে। |
| ২য় পর্যায় | ২৫/০২/২০২৬খ্রিঃ তারিখ বেলা- ৪:০০ ঘটিকা পর্যন্ত | ২৬/০২/২০২৬খ্রিঃ তারিখ বেলা- ১:০০ ঘটিকা পর্যন্ত | ২৬/০২/২০২৬খ্রিঃ তারিখ বেলা- ২:০০ ঘটিকায় | |
| ৩য় পর্যায় | ১১/০৩/২০২৬খ্রিঃ তারিখ বেলা-৪:০০ ঘটিকা পর্যন্ত | ১২/০৩/২০২৬ খ্রিঃ তারিখ বেলা-১.০০ ঘটিকা পর্যন্ত | ১২/০৩/২০২৬ খ্রিঃ তারিখ বেলা-২:০০ ঘটিকায় | |

### শর্তাবলী ঃ-

০১। দরপত্রের সাথে ইজারাদারকে ইজারাদারের ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।

০২। দরপত্র দাতাকে উদ্বৃত মূল্যের ১৩০% (প্রদত্ত মূল্য = ১০০% + ভ্যাট ১৫% + আয়কর ১০% + পরিষ্কার পরিচ্ছন্ন জামানত = ৫% ) অর্থ জামানত হিসাবে প্রশাসক, কটিয়াদী পৌরসভা, কিশোরগঞ্জ-এর বরাবরে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ১০০% অর্থ ইজারা মূল্য হিসাবে বিবেচিত হইবে এবং ১৫% ভ্যাট হিসাবে, ১০% আয়কর হিসাবে জমা করা হইবে এবং বাকী ৫% পরিষ্কার পরিচ্ছন্ন জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পন করা হইবে।

০৩। ইজারাদারদের কে দরপত্রের সাথে হালনাগাদ হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ দাখিল করতে হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

০৫। দরপত্র সিডিউলে বর্ণিত দিনে অফিস চলাকালীন পর্যন্ত কটিয়াদী পৌরসভা কার্যালয় ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), কিশোরগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, সহকারী কমিশনার (ভূমি), কটিয়াদী, অফিসার ইনচার্জ, কটিয়াদী মডেল থানা, কটিয়াদী, কিশোরগঞ্জ এবং সোনালী ব্যাংক, কটিয়াদী শাখা, কিশোরগঞ্জ হইতে নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬। দরপত্র সমূহ বেলা ঃ- ১.০০ ঘটিকা পর্যন্ত পৌরসভা কার্যালয় অথবা জেলা প্রশাসক, কিশোরগঞ্জ অথবা উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী -এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে ইজারা দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত দিনে গ্রহণ করা হইবে এবং উক্ত দিনেই ২:০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হইবে।

০৭। খামের উপর দর দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৮। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না এবং যে সকল ব্যক্তি বা দ্রব্যের ক্ষেত্রে টোল হইতে অব্যাহতি দেওয়া হইয়াছে সেই সকল ব্যক্তি হইতে বা দ্রব্যের উপর টোল আদায় করিতে পারিবেন না।

০৯। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্টায় স্বাক্ষর করিতে হইবে।

১০। ইজারাদার বা গৃহীত দরপত্রের দাতা কোন ক্রমেই ইজারা প্রাপ্ত বাজার অন্যের নিকট ইজারা (সাবলীজ) দিতে পারিবে না। যদি অনুরূপ কার্যকলাপ কিংবা চুক্তি পত্রের কোন শর্ত লংঘন ধরা পড়ে তবে তাহার ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১১। হাট বাজারের কার্যাদেশ প্রাপ্তির পর ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৩। কটিয়াদী হাট বাজার বলতে চরিয়াকোনা কাঠ মহাল, গরু ও ছাগল মহাল, পুরাতন বাজারস্থ সকল প্রকার তোহ মহাল/বাজার কে বুঝানো হইবে।

১৪। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবেন অন্যথায় পরিষ্কার পরিচ্ছন্ন জামানত হইতে কর্তন পূর্বক পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যয় মিটানো হইবে।

১৫। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৬। কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৭। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

চলমান পাতা - ২

CS CamScanner

১৮। কর্তৃপক্ষ প্রয়োজনে দর যাচাইয়ের জন্য সর্বোচ্চ দরপত্র দাতার দর কার্যকর রাখিয়া পুনঃদরপত্র আহবান করতে পারিবেন। উক্ত দরপত্র দাতা পরবর্তী দরপত্রে অংশ গ্রহণ করিলে শুধুমাত্র অতিরিক্ত দরের ১৩০% ভাগ অর্থ প্রশাসক, কটিয়াদী পৌরসভার বরাবর ব্যাংকে ড্রাফট /পে-অর্ডার সংযোজন করিয়া দরপত্র দাখিল করিতে হইবে।

১৯। সরকারি যে কোন আদেশ যখন জারী হইবে তা অবশ্যই পালন করিতে হইবে।

২০। গরু, খাসী ও কাঠ মহাল বসার নির্ধারিত স্থান না থাকায় পৌর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে (যখন যেখানে) বাজার বসানোর আদেশ ইজারাদার মানিতে বাধ্য থাকিবে।

২১। সরকারী কর্মকর্তাগণের বাজার পরিদর্শনের অধিকার, বাজারের সরকারের অনুমোদন ব্যতিরেকে কাঠামোর স্থাপনা তৈয়ার না করা, গাছপালা কর্তন না করা, বাজারের সীমানা সংকোচন না করা এবং ইজারাদার মেয়াদ শেষ হওয়ার পর বাজারটির দখল কর্তৃপক্ষের বরাবরে বুঝিয়া দেওয়া ইত্যাদি শর্ত ইজারাদার কর্তৃক পালন করিতে হইবে।

২২। ইজারাদার কর্তৃক দরপত্রের চুক্তিতে বর্ণিত কোন শর্ত লঙ্গন করা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং ইজারাদার মেয়াদ অবশিষ্ট সময়ের জন্য জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হইবে।

২৩। ইজারা বিজ্ঞপ্তিতে বর্ণিত নেই কিন্তু সরকারিভাবে বিদ্যমান অন্য কোন আইন, বিধি; অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকিবেন।

২৪। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট লটকাইয়া প্রচার করিবেন।

২৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ

(লাবনী আক্তার তারানা)
প্রশাসক
কটিয়াদী পৌরসভা, কিশোরগঞ্জ।

স্মারক নং ঃ- কটি/পৌর/হাট-বাজার/ইজারা -১৪৩৩ বাং/২০২৬-০৫(১০০) তারিখ ঃ- ২৫/০১/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৩। পুলিশ সুপার, কিশোরগঞ্জ।

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ-

০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০২। মেয়র/প্রশাসক, ........................................ পৌরসভা, কিশোরগঞ্জ।
০৩। নির্বাহী প্রকৌশলী, এল.জি.ই.ডি/ গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ, কিশোরগঞ্জ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, ................................................., কিশোরগঞ্জ।
০৫। জনাব.....................................................................ও সদস্য দরপত্র মূল্যায়ন কমিটি, কটিয়াদী পৌরসভা, কিশোরগঞ্জ।
০৬। উপজেলা .......................................................................... কর্মকর্তা, কটিয়াদী, কিশোরগঞ্জ।
০৭। জনাব/জনাবা ............................................. কর্মসম্পাদন সহায়তা কমিটি (সকল), কটিয়াদী পৌরসভা, কিশোরগঞ্জ।
০৮। ব্যবস্থাপক, ......................................................................ব্যাংক, কটিয়াদী শাখা, কিশোরগঞ্জ।
০৯। হিসাব রক্ষক, কটিয়াদী পৌরসভা, কিশোরগঞ্জ।
১০। বাজার পরিদর্শক, কটিয়াদী পৌরসভা, কিশোরগঞ্জ (তাঁহাকে দরপত্র দলিল বিক্রয় ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হইল)।
১১। সম্পাদক, দৈনিক ........................................................................, ঢাকা/কিশোরগঞ্জ। উল্লিখিত বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিকের ভিতরের পাতায় ৭" x ৩" কলামে ০১ (এক) দিনের জন্য প্রচারের অনুরোধ করা হইল। বিজ্ঞপ্তি প্রকাশের ০৩ (তিন) কপি পত্রিকা অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১২। জনাব ........................................................................................................ কটিয়াদী, কিশোরগঞ্জ।
১৩। অফিস কপি।

২৫/০১/২৬

(লাবনী আক্তার তারানা)
প্রশাসক
কটিয়াদী পৌরসভা, কিশোরগঞ্জ।

CamScanner